জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-০২ (লেভেল-৫,৬,৭)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।
www.bfsa.gov.bd

নম্বর: ১৩.০২.০০০০.৫০৬.১১.০০২.২০-৪১৪

তারিখ: ২৯-০৬-২০২১ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের রাজস্ব খাতে নিম্নবর্ণিত অস্থায়ী শূন্য পদসমূহ প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে পূরণের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট থেকে অনলাইন-এ আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল,২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | ব্যক্তিগত সহকারী টা:১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | অনূর্ধ্ব ৩০ বছর | ১ (এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ। | সকল জেলা |
| ২। | ডাটা এন্ট্রি অপারেটর টা:৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বছর | ২ (দুই) | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ। | |
| ৩। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টা:৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বছর | ৫ (পাঁচ) | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ;<br>(গ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৪। | নমুনা সংগ্রহ সহকারী টা:৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বছর | ৬ (ছয়) | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে বিজ্ঞানে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। | |

**শর্তাবলি:**

১। 'বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৮' অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে;

২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনকারীর বয়স ৩০-০৬-২০২১ তারিখে ১৮ থেকে ৩০ বছর এর মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর। মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তান (নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০ (ত্রিশ বছর)। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। সরকারের সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক মুক্তিযোদ্ধার/শহীদ-মুক্তিযোদ্ধাদের সন্তান, মুক্তিযোদ্ধার/শহীদ-মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তান, নারী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য নির্ধারিত কোটায় বিধি মোতাবেক প্রার্থী নিয়োগ করা হবে।

৩। একই ব্যক্তির একাধিক পদে আবেদন করার কোন সুযোগ নেই। কোন আবেদনকারী শুধুমাত্র একটি পদের বিপরীতে আবেদন করতে পারবেন।

৪। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি:**

ক. আগ্রহী প্রার্থীগণ http://bfsa.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৫-০৭-২০২১ খ্রি: সকাল ৯:০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১২-০৮-২০২১ খ্রি: বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online-এ আবেদনপত্রে পুরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন পত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন Submit সম্পন্ন করা প্রার্থী User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। প্রার্থী উক্ত Applicant's copy প্রিন্ট বা ডাউনলোড করে পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে প্রদত্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি ও টেলিটক সার্ভিস চার্জসহ মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

ঙ. **ফি জমা দেয়ার পদ্ধতি:**

প্রথম SMS: BFSA<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
*Example:* BFSA ABCDEF & send to 16222

*Reply: Applicant's Name, Tk. 112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BFSA<Space> Yes<Space>PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: BFSA<Space> Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
*Example:* BFSA YES 12345678

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BFSA Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx).*

চ. উল্লেখ্য, ফি প্রদানের পর প্রার্থী আবেদনপত্রে প্রদত্ত তার নিজস্ব মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে User ID এবং Password পাবেন।

ছ. বিএফএসএ নিয়োগ পরীক্ষা, ২০২১ এর বিজ্ঞপ্তি, Online–এ আবেদনপত্র পূরণের নিয়মাবলি, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি http://bfsa.teletalk.com.bd অথবা www.bfsa.gov.bd অথবা www.mofood.gov.bd এর ওয়েব সাইটে অথবা বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ফেইসবুক পেইজে পাওয়া যাবে।

জ. SMS এর মাধ্যমে প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ. প্রার্থীকে আবেদনের সময় প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণের পর কেবল উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।

(খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদের সত্যায়িত কপি।

(গ) চাকরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করত:) জাতীয়তার সনদের মূল/সত্যায়িত কপি।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

(ঙ) প্রার্থী মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে মুক্তিযোদ্ধা সনদ (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ, মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের লক্ষ্যে এসএসসি সনদ/জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তান হিসেবে চাকরি প্রার্থীদের ক্ষেত্রে উপরিউক্ত কাগজপত্রসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র। প্রার্থী এবং তার মাতা-পিতার জাতীয় পরিচয় পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠি ও অন্যান্য কোটাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত ফটোকপি।

(ছ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধীতা সম্পর্কিত সনদের সত্যায়িত ফটোকপি।

(জ) এতিম প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি।

(ঝ) প্রবেশপত্রের অনুলিপি।

(ঞ) Applicant's Copy এর অনুলিপি।

ঞ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**For lost password:**

i. User ID জানা থাকলে BFSA<space> Help<space>User<space>User ID & Sent to 16222
*Example: BFSA Help User ABCDEF & send to 16222*

ii. PIN Number জানা থাকলে: BFSA<space> Help<space>PIN<space> PIN No & Sent to 16222
*Example: BFSA Help PIN ABCDEF & send to 16222*

৫। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

৬। লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি এ/ডিএ প্রদান করা হবে না।

৭। বিগত ২৫-০৩-২০২১ তারিখে পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যারা ইতঃপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

৮। বিগত ২৫-০৩-২০২১ তারিখে পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ৪১টি পদের অতিরিক্ত ১৪টি পদের জন্য পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল করা এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৭/৬/২০২০

সচিব
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

GA-2886/21 (10x8)